

ঢাকা ওয়াসা

নথি অফিসঃ ঢাকা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (ঢাকা ওয়াসা)

নথি শাখাঃ পাগলা পয়ঃ শোধনাগার বিভাগ

মুদ্রনকারীঃ ঢাকা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (ঢাকা ওয়াসা), পাগলা পয়ঃ শোধনাগার বিভাগ

নথি নম্বর: ৪৬.০৫.০০০০.৪৩৩.০৭.০৬৯.২৪ নথির বিষয়: Supply of AC, thai glass partition with related services for Narinda VFD control room & CCTV server

নোট: ১ নোটের বিষয়: Supply of AC, thai glass partition with related services for Narinda VFD control room & CCTV server কাজের প্রাক্কলন অনুমোদন প্রসঙ্গে।

অনুচ্ছেদ ১.০ - তারিখঃ ৩১/১২/২৪ ৪:০০ অপরাহ্ন

সংযুক্তি ক্রঃ নং ০১ হতে ০৬ দয়া করে দেখা যেতে পারে। পাগলা পয়ঃ শোধনাগার বিভাগের আওতাধীন ঢাকা মহানগরীর বিভিন্ন স্থানে সচল ১৭টি পয়ঃ উত্তোলন কেন্দ্র (এস.এল.এস) রয়েছে। উক্ত এস.এল.এস গুলোর মাধ্যমে ঢাকা মহানগরীর পয়ঃ সমুহ ট্রাংক মেইনের মাধ্যমে নারিন্দা কেন্দ্রীয় পয়ঃ পাম্পিং হয়ে পাগলা পয়ঃ শোধনাগারে বিভিন্ন প্রক্রিয়ায় অর্থাৎ লিফটিং পাম্প, সেডিমেন্টেশন ট্যাংক ও ফ্লোকালেন্টিভ লেগুনে এরোবিক ও এ্যানারোবিক প্রক্রিয়ায় পয়ঃ শোধন করে আউটফল পাম্পিং স্টেশনের মাধ্যমে পাম্পিং করে সর্বশেষ ধাপে ডিসচার্জ চেম্বারে লিকুইড ক্লোরিন গ্যাস মিশ্রিত করে ভূ-গর্ভস্থ পাইপ লাইনের মাধ্যমে পরিশোধিত পানি কালেকটিং চেম্বার হয়ে বুড়িগঙ্গা নদীতে ডিসচার্জ করা হচ্ছে। পাগলা পয়ঃ শোধনাগার বিভাগের আওতাধীন নারিন্দা কেন্দ্রীয় পয়ঃ লিফটিং স্টেশন ঢাকা ওয়াসার ১টি পুরাতন পয়ঃ লিফটিং স্টেশন। উক্ত লিফটিং স্টেশনে বিভিন্ন ক্যাপাসিটির অর্থাৎ ৭৫ কিলোওয়াট ৩১.৯ ঘনমিটার/মিনিট ক্ষমতার ৩ সেট, ৩৭ কিলোওয়াট ১১.৪ ঘনমিটার/মিনিট ক্ষমতার ২ সেট ও ১৮.৫ কিলোওয়াট ৪.৫ ঘনমিটার/মিনিট ক্যাপাসিটির ২ সেট সহ মোট ৭ সেট পাম্প মোটর রয়েছে। উক্ত পাম্প মোটরগুলো রোস্টার অনুযায়ী ২৪ ঘন্টাই চালু থাকে। উক্ত পাম্প মোটরগুলো চালুর জন্য নারিন্দা পাম্পিং স্টেশনে ৭ টি বিভিন্ন ক্যাপাসিটির ভিএফডি আছে। ভিএফডিগুলো সবসময় চালু থাকায় অত্যধিক গরম হচ্ছে। ভিএফডিগুলো অত্যধিক গরমের কারনে দ্রুত নষ্ট হয়ে যেতে পারে। সেই কারনে নারিন্দা পাম্প মোটর কন্ট্রোল রুমে ও সিসিটিভি রুমে থাইগ্লাস পার্টিশন, এসি ক্রয় ও স্থাপন করা প্রয়োজন। এছাড়া প্ল্যান্টের অভ্যন্তরীণ নিরাপত্তার জন্য বিভিন্ন পয়েন্টে সিসিটিভি স্থাপন করা হয়েছে। উক্ত সিসিটিভির server এর কুলিং সিস্টেমের জন্য এডমিন বিল্ডিং এ থাইগ্লাস পার্টিশন ও এসি ক্রয় এবং স্থাপন করা প্রয়োজন।

সংযুক্তিসমূহ (৬):

- ১। পাগলা পয়ঃ শোধনাগার বিভাগের ২০২৪-২৫ অর্থ বছরের প্রাক্কলিত বাজেট বরাদ্দের কপি।
- ২। পাগলা পয়ঃ শোধনাগার বিভাগের ২০২৪-২৫ অর্থ বছরের অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনার কপি।
- ৩। কাজের ক্যালকুলেশন।
- ৪। এসি ও থাইগ্লাস ক্রয় কাজের টেকনিক্যাল স্পেসিফিকেশন।
- ৫। মালামাল ক্রয় কাজের প্রাক্কলন।
- ৬। আলোচ্য কাজের প্রতিবেদন।

অনুচ্ছেদ ১.১ - তারিখঃ ৩১/১২/২৪ ৪:০০ অপরাহ্ন

সেই আলোকে পিডরিউভি ই/এম ও সিভিল রোট শিডিউল, ২০২২ এর দরের ভিত্তিতে “Supply of AC, thai glass partition with related services for Narinda VFD control room & CCTV server” শীর্ষক ক্রয় কাজের একটি প্রাক্কলন তৈরী করে উপস্থাপন করা হ’ল। এতে মোট টাকার পরিমাণ দাঁড়িয়েছে ২৪,৯৮,৮৪৩.০০(চব্বিশ লক্ষ আটানব্বই হাজার আটশত তেতাল্লিশ) টাকা মাত্র। উক্ত ক্রয় কাজের খরচ পাগলা পয়ঃ শোধনাগার বিভাগের ২০২৪-২৫ অর্থ বছরের বাজেট বরাদ্দের “পানি ও পয়ঃ শোধনাগার (ও এন্ড এম)” (কোড ০১-০৪-০১১) খাতের অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনার সিরিয়াল নং-৯৮; প্যাকেজ নং-G34 হতে নির্বাহ করা যেতে পারে।

অনুচ্ছেদ ১.২ - তারিখঃ ৩১/১২/২৪ ৪:০১ অপরাহ্ন

আলোচ্য কাজটি পিপিআর-২০০৮ এর বিধি ৬১(১) অনুসরণে Open Tendering Method (OTM) e-GP প্রক্রিয়ায় সম্পাদন করা হবে। যার দরপত্র ডকুমেন্ট e-PG2 এ ফরমেটে করা হবে। আলোচ্য ক্রয় কার্যক্রমে Procuring Entity হিসেবে Executive Engineer, PSTP Division, Dhaka WASA কে রাখা হবে। উল্লেখ্য যে, আলোচ্য কাজের দরপত্র আহবান, চুক্তি বাস্তবায়নসহ যাবতীয় কাজসমূহ Executive Engineer, PSTP Division, Dhaka WASA কর্তৃক সম্পাদিত হবে।



অনুচ্ছেদ ১.৩ - তারিখঃ ৩১/১২/২৪ ৪:০২ অপরাহ্ন

এমতাবস্থায়, উপর্যুক্ত অনুচ্ছেদ ১.০ হতে ১.২ পর্যন্ত বর্ণনার আলোকে ও কর্তৃপক্ষের কাজের স্বার্থে “Supply of AC, thai glass partition with related services for Narinda VFD control room & CCTV server” শীর্ষক কাজটি সম্পাদনের লক্ষ্যে নিম্নবর্ণিত প্রস্তাবসমূহ সদয় অনুমোদন দেয়া যেতে পারে:-

- কাজটি পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা-২০০৮ এর ৬১ (১) ধারায় উন্মুক্ত দরপত্র পদ্ধতি ১ উপ-বিধি মোতাবেক (OTM e-GP)) তে দরপত্র আহবান এর অনুমোদন।
- খ) উপস্থাপিত দাপ্তরিক প্রাক্কলন ২৪,৯৮,৮৪৩.০০(চব্বিশ লক্ষ আটানব্বই হাজার আটশত তেতাল্লিশ) টাকার প্রাক্কলনের আর্থিক, কারিগরি ও প্রশাসনিক অনুমোদন।

গ) উক্ত কাজের ব্যয়ভার পাগলা পয়ঃ শোধনাগার বিভাগ এর ২০২৪-২৫ অর্থ বছরের বরাদ্দকৃত বাজেটের “পানি ও পয়ঃ শোধনাগার (ও এন্ড এম)” (কোড ০১-০৪-০১১) খাত হতে ব্যয় নির্বাহের প্রশাসনিক অনুমোদন।

উল্লেখ্য, উপর্যুক্ত প্রস্তাবনাসমূহ অনুমোদনের ক্ষমতা প্রধান প্রকৌশলী (পরিচালন ও রক্ষণাবেক্ষণ) মহোদয়ের অনুমোদনের আওতায়ীন।

			
৩১/১২/২৪ ৪:৩৯ অপরাহ্ন সম্রাট মিয়া উপ-সহকারী প্রকৌশলী পাগলা পয়ঃ শোধনাগার বিভাগ	৩১/১২/২৪ ৪:৪০ অপরাহ্ন মোঃ সাইফুল ইসলাম উপ-বিভাগীয় প্রকৌশলী (চলতি দায়িত্ব) পাগলা পয়ঃ শোধনাগার বিভাগ	৩১/১২/২৪ ৪:৪২ অপরাহ্ন মোঃ রাহাত শিকদার নির্বাহী প্রকৌশলী (চলতি দায়িত্ব) পাগলা পয়ঃ শোধনাগার বিভাগ	৩১/১২/২৪ ৪:৪২ অপরাহ্ন মির্জা গোলাম কিবরিয়া তত্ত্বাবধায়ক প্রকৌশলী পানি ও পয়ঃ শোধনাগার সার্কেল

অনুচ্ছেদ ১.৪ - তারিখঃ ৩১/১২/২৪ ৫:২৭ অপরাহ্ন

Forwarded for kind approval of paragraph:1.3

	
৩১/১২/২৪ ৫:২৭ অপরাহ্ন মির্জা গোলাম কিবরিয়া তত্ত্বাবধায়ক প্রকৌশলী পানি ও পয়ঃ শোধনাগার সার্কেল	৩১/১২/২৪ ৫:২৭ অপরাহ্ন মুস্তাফিজুর রহমান প্রধান প্রকৌশলী প্রধান প্রকৌশলী (পরিচালন ও রক্ষণাবেক্ষণ)



অনুচ্ছেদ ১.৫ - তারিখঃ ৩১/১২/২৪ ১০:৩৩ অপরাহ্ন

Okay

		
৩১/১২/২৪ ১০:৩৪ অপরাহ্ন মুস্তাফিজুর রহমান প্রধান প্রকৌশলী প্রধান প্রকৌশলী (পরিচালন ও রক্ষণাবেক্ষণ)	৩১/১২/২৪ ১০:৪৬ অপরাহ্ন মির্জা গোলাম কিবরিয়া তত্ত্বাবধায়ক প্রকৌশলী পানি ও পয়ঃ শোধনাগার সার্কেল	৩১/১২/২৪ ১০:৪৬ অপরাহ্ন মোঃ রাহাত শিকদার নির্বাহী প্রকৌশলী (চলতি দায়িত্ব) পাগলা পয়ঃ শোধনাগার বিভাগ

অনুচ্ছেদ ১.৬ - তারিখঃ ১/১/২৫ ২:৪২ অপরাহ্ন

পত্রিকায় দরপত্র আহবানের ব্যবস্থা নিন

		
১/১/২৫ ২:৪২ অপরাহ্ন মোঃ রাহাত শিকদার নির্বাহী প্রকৌশলী (চলতি দায়িত্ব) পাগলা পয়ঃ শোধনাগার বিভাগ	৯/১/২৫ ২:৩৫ অপরাহ্ন মোঃ সাইফুল ইসলাম উপ-বিভাগীয় প্রকৌশলী (চলতি দায়িত্ব) পাগলা পয়ঃ শোধনাগার বিভাগ	৯/১/২৫ ২:৩৫ অপরাহ্ন সম্রাট মিয়া উপ-সহকারী প্রকৌশলী পাগলা পয়ঃ শোধনাগার বিভাগ